হিসাব বিবরণীর টিকা

১। বাংলাদেশ বিদুৎ উন্নয়ন বোর্ড ঃ

- ঋণ পরিশোধের কিছু তথ্য গত ৮/০১/০৮ খ্রিঃ প্রেরণ করা হয়েছে। ঋণ পরিশোধের সপক্ষে অডিট রিপোর্ট প্রেরণ করা হয়েছে। উক্ত তথ্যাদি যাচাই সাপেক্ষে বিধিমোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ভেন্ডরস এগ্রিম্যান্ট এর মাধ্যমে ঋণ হস্তান্তরের প্রেরিত তথ্যাবলী আরও পর্যাপ্ত হওয়া বাঞ্ছনীয়। প্রয়োজনীয় কাগজপত্রসহ তথ্যাবলী প্রেরণ করা হলে যথাযথভাবে হিসাবে সমন্বয় করা হবে।

২। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) ঃ

সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে নির্ধারিত ছকে কোন তথ্য প্রেরিত হয়নি বিধায় পুরাতন ঋণের ক্রেডিট লাইন ভিত্তিক হিসাব প্রস্তত করা সম্ভর হয়নি। শুধু নতুন কয়েকটি ঋণের হিসাব প্রস্তুত করা হয়েছে।

৩। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ঃ

বিগত ০৪/০৭/০৬ খ্রিঃ স্মারক নং প্রঅওহিরঅ/প্রকল্প/ব্যয়/ ডিএসএল/৯৯/লুজ-১ এর মাধ্যমে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ জানায় উক্ত প্রতিষ্ঠানের কাছে সরকারের কোন ডিএসএল পাওনা নেই।

৪। অগ্রণী ব্যাংক লিঃ

উক্ত প্রতিষ্ঠান কর্তৃক সম্পূর্ণ ডিএসএল পরিশোধিত মর্মে বিগত ২৭/০৬/০৬ খ্রিঃ স্মারক নং শিঋবি/পরিসংখ্যান/৯৪/ ২০০৫ এর মাধ্যমে জানানো হয়েছে।

৫। সোনালী ব্যাংক ঃ

উক্ত প্রতিষ্ঠান কর্তৃক সম্পূর্ণ ডিএসএল পরিশোধিত মর্মে বিগত ২৭/০৩/০৭ খ্রিঃ স্মারক নং প্রকা/আইপি এফডি/ডিএসএল/১০৯৬ এর মাধ্যমে জানানো হয়েছে।

৬। রূপালী ব্যাংক লিঃ

উক্ত প্রতিষ্ঠান কর্তৃক সম্পূর্ণ ডিএসএল পরিশোধিত মর্মে বিগত ১৫/০৮/০৬ খ্রিঃ স্মারক নং প্রকা/শিঋবি-১/ ২৭ এর মাধ্যমে জানানো হয়েছে।

৭। বাংলাদেশ সমবায় মহাবিদ্যালয় ঃ

- সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে নির্ধারিত ছকে কোন তথ্য প্রেরিত হয়নি।
- বিগত ৩০/১০/০৭ খ্রিঃ স্মারক নং ২৪৮/৮৮-৯৩৬ প্রেরিত হয়েছে। যাতে উল্লেখ করা হয়েছে ১৯৮৬-'৮৭ থেকে ১৯৮৮-'৮৯ এ তিন অর্থ বছরের জন্য উন্নয়ন বাজেটের অধীন সম্পূর্ণ জিওবি অনুদানে ১৪২.৯০ লক্ষ টাকা ব্যয়ে "Project for Development of Bangladesh Co-operative College" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়িত হয়। এছাড়া প্রতিষ্ঠানের নিকট ডিএসএল বিষয়ক কোন তথ্য নেই।
- বিষয়টি পরীক্ষাধীন আছে।

৮। হোটেলস ইন্টারন্যাশনাল (সোনারগাঁও) ঃ

- সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে নির্ধারিত ছকে কোন তথ্য প্রেরিত হয়নি।
- বিগত ৩১/০১/০৭ খ্রিঃ স্মারক নং হিল/এসি-এল এন-৯(৩)৮৯-২০০৭/৮৪ এর মাধ্যমে জানানো হয় যে, ডিএসএল বাবদ প্রকৃতপক্ষে সরকারের কোন পাওনা নেই, সরকার কর্তৃক দাবীকৃত সুদ সঠিক নয়।
- বিষয়টি পরীক্ষাধীন আছে।